# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৫, ১৯৯২

সূচীপত্র


| | পৃষ্ঠা |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৮৫-৩৯৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১২৬১-১২৭১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৬১-১৬২ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | ৯১-৯৬ |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ামক সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪১৫-৪২৯ |

| | পৃষ্ঠা |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৬৯ |
| ক্রোড়পত্র—সংখ্যা ঃ | |
| (১)....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী | নাই |
| (২)....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চুড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩)....বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চুড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৫) .. তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬)......তারিখে সমাপ্ত বর্ষ চতুর্থাংশে পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

সংস্থাপন মন্ত্রণালয়

শৃংখলা-৩ শাখা

বিজ্ঞপ্তি

ঢাকা, ১৫ই অক্টোবর ১৯৯২/৩০শে আশ্বিন ১৩৯৯

নং সম/ডি ৩-৯/৮৯ (অংশ)-৩৬৬—সামরিক আইন আদেশ নং ৯/৮২ আওতায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের দাখিলকৃত অনিস্পন্ন আবেদনসমূহে পর্যালোচনা করিয়া সুপারিশ প্রদানের জন্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে সংস্থাপন মন্ত্রণালয়ের ২২-১০-১৯৯১ তারিখের বিজ্ঞপ্তি নং সম/ডি৩-৯/৮৯ (অংশ)-১৫৬ মোতাবেক প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে ফোরাম গঠন করা হইয়াছিল। উক্ত বিজ্ঞপ্তির ৩ নং অনুচ্ছেদে বলা হইয়াছিল যে "ফোরামের সুপারিশ বিবেচনার পর সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন"।

২। বিষয়টির আইনগত দিক পর্যালোচনা করিয়া সরকার সংস্থাপন মন্ত্রণালয়ের ১২-১০-১৯৯১ তারিখের বিজ্ঞপ্তির ৩নং অনুচ্ছেদটি সংশোধন করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। সেমতে বিজ্ঞপ্তির ৩নং অনুচ্ছেদটি নিম্নলিখিতভাবে প্রতিস্থাপন করা হইল ঃ—

"এমএলও-৯/৮২ আওতায় চাকুরীচ্যুত কর্মচারী/কর্মকর্তাগণের চাকুরী ফোরামের সুপারিশক্রমে পুনর্বহালের আদেশ ঐ ক্ষেত্রে মাননীয় রাষ্ট্রপতি প্রদান করিবেন যে ক্ষেত্রে তিনি নিয়োগকারী কর্তৃপক্ষ। যে ক্ষেত্রে তিনি নিয়োগকারী কর্তৃপক্ষ নহেন সে ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ পুনর্বহালের আদেশ প্রদান করিবেন। তবে ফোরামের সুপারিশমালা রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদিত হওয়ার পরই সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ পুনর্বহালের আদেশ প্রদান করিবেন"।

সকল মন্ত্রণালয়/বিভাগের উপরোক্ত সংশোধনমতে কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হাবিবুর রহমান

সচিব।

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আবদুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

১৫/৯২ নং স্মারকমূলে ইস্যুকৃত সমগ্র কুষ্টিয়া জেলার নোটারী লাইসেন্স সরকার এতদ্বারা বাতিল করিলেন এবং একই বিধান অনুসারে নোটারী রেজিষ্টার হইতে তাঁহার নাম অপসারণ করিলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোজাম্মেল হক
উপ-সচিব।

কৃষি মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

ঢাকা, ৯ই সেপ্টেম্বর ১৯৯২

নং পিএমইউ/সেচ(মান)-২/৮৮-৯১/২১৮—কৃষি মন্ত্রণালয়ের ৬-১০-১৯৮৩ তারিখের পিএমইউ(বিএডাস)-ইার-(মিচ)/৪০/৮৩/৫৮৫ এবং ২-১-১৯৮৪ তারিখের পিএমইউ-(বিএডাস)-ইার(মিচ)/৪০/৮৩/৬৭৭ সংখ্যক স্মারকদ্বয়ে গঠিত "কৃষি যন্ত্রপাতি বিষয়ক কারিগরী উপ-কমিটির" সদস্য লেঃ কর্ণেল জনাব মোঃ ইনামুল হক, ই এম ইকে উক্ত কমিটির সদস্যের পদ থেকে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হলো।

২। কমিটির অন্যান্য সদস্যগণ এবং কার্যপরিধি অপরিবর্তিত থাকবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

এ, এফ, এম, এনামুল হক
উপ-সচিব।

Section-XII

NOTIFICATION

No. Agri/XII/Seed-31/90(pt.)/193, Dated, 12th August 1992.

**Sub : Creation of a Seed Wing in the Ministry of Agriculture.**

It is for information of all concerned that a 'Seed Wing' has been created in the Ministry of Agriculture to serve as the Secretariat for National Seed Board (NSB) and to perform among others, the following functions :

(i) to implement Government Policy regarding seeds ;

(ii) to help update policies and strategies for development of private sector seed enterprises ;

(iii) to monitor development and commercialisation of the seed sector ;

(iv) to coordinate activities for meeting increasing demand for breeder and foundation seed ;

(v) to develop human resources in the seed sector ;

(vi) to develop a cadre of Seed Technologist in public sector ;

(vii) to plan and coordinate activities regarding seed technology research and ;

(viii) to plan and implement a seed security system.

Director General (Seed) will act as the Head of the Seed wing.

By order of the President
D. L. Chowdhury
Sr. Assistant Secretary.

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

সমন্বয় অধিশাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫শে ভাদ্র ১৩৯৯/৯ই সেপ্টেম্বর ১৯৯২

নং পক/সমন্বয়-৩১/৯২/২—বিগত ১৫-৬-১৯৯২ তারিখে ১৯৯২ সালের বার্ষিক উন্নয়ন কমসূচী অনুমোদনকালে জাতীয় অর্থনৈতিক পরিষদের বৈঠকে অন্যান্য সিদ্ধান্তের সহিত নিম্নোক্ত সিদ্ধান্তটিও গৃহীত হয় ঃ

"প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি নিরূপণ ও প্রতিবন্ধকতা দূরীকরণার্থে পরিকল্পনা কমিশন অর্থ বৎসরের শুরুতেই প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি সম্পর্কে একটি সহায়ক নির্দেশিকা জারী করিবে"।

২। উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে সরকার প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি নিরূপণ ও প্রতিবন্ধকতা দূরীকরণার্থে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহ কর্তৃক অনুসরণীয় একটি নীতিমালা/সহায়ক নির্দেশিকা প্রণয়নের উদ্দেশ্যে নিম্নোক্ত প্রতিনিধিবর্গের সমন্বয়ে একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করিলেন ঃ

আহবায়ক

(১) জনাব নাজমুল আহসান, বিভাগীয় প্রধান, কাযক্রম বিভাগ,
পরিকল্পনা কমিশন।

সদস্যবৃন্দ

(২) যুগ্ম সচিব (উন্নয়ন), অর্থ বিভাগ।

(৩) প্রধান, পরিকল্পনা কোষ, শিক্ষা মন্ত্রণালয়।

(৪) জনাব এ, বি, এম, সিদ্দিক, যুগ্ম-প্রধান,
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

(৫) জনাব সিদ্দিকুল্লাহ, মহা-পরিচালক,
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

(৬) যুগ্ম-প্রধান, পরিকল্পনা কোষ, কৃষি মন্ত্রণালয়।

(৭) যুগ্ম-প্রধান, পরিকল্পনা কোষ,
সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়।

(৮) জনাব আবদুল খালেক, যুগ্ম-প্রধান,
সেচ উইং, পরিকল্পনা কমিশন।

(৯) জনাব আবু আহমেদ আরিফ, যুগ্ম-প্রধান,
শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন।

সদস্য-সচিব

(১০) জনাব শহীদুজ্জামান, উপ-প্রধান,
স্বাস্থ্য উইং, পরিকল্পনা কমিশন।